

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি-৩ অধিশাখা  
website: www.mof.gov.bd


নং-০৭.০০.০০০০.১৭৩.২২.০৪৬.১৪-৫২

তারিখঃ ১২/০৩/১৪২৫ বঃ  
২৬/০৬/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মোবাইলফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা উত্তোলন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ০৪ জুন, ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪নং স্মারকে জারীকৃত 'সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮' এর ৬ষ্ঠ পরিচ্ছেদের অনুচ্ছেদ ২৯-এ উল্লিখিত প্রাধিকারভুক্ত কর্মচারীগণের মধ্যে যারা অনুচ্ছেদ ৩৪ অনুযায়ী নির্দিষ্ট হারে মোবাইল/সেলুলার ফোন ভাতা প্রাপ্য তাঁরা মাসিক বেতন বিলের সাথে নিম্নরূপ হারে এ ভাতা উত্তোলন করবেন :

- (ক) অতিরিক্ত সচিব, জেলা ও দায়রা জজ, যুগ্মসচিব, যুগ্মপ্রধান, প্রাধিকারপ্রাপ্ত সমমর্যাদাসম্পন্ন কর্মচারীগণ মোবাইল/সেলুলার ফোন ভাতা (ইন্টারনেট ব্যবহারসহ) বাবদ মাসিক ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ; এবং
- (খ) প্রাধিকারপ্রাপ্ত অন্যান্য কর্মচারীগণ মোবাইল/সেলুলার ফোন ভাতা (ইন্টারনেট ব্যবহারসহ) বাবদ মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা।
- ২। এ ভাতা উত্তোলনের জন্য সংশ্লিষ্ট কর্মচারীকে তাঁর ব্যবহৃত মোবাইল/সেলুলার ফোনের সংযোগ নম্বরটি সংশ্লিষ্ট দপ্তর প্রধান/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।
- ৩। অর্থ বিভাগ কর্তৃক ইতোপূর্বে জারীকৃত সরকারি মোবাইলফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা বিষয়ক এতদসংক্রান্ত সকল অফিস স্মারক এতদ্বারা বাতিল করা হলো।

  
(লায়লা মুনতাজেরী দীনা)  
উপসচিব  
ফোনঃ ৯৫৬১১৩১

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, ৭৭/৭, কাকরাইল, ঢাকা(তাঁর আওতাভুক্ত সকল অফিসে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব----- (সকল মন্ত্রণালয়/বিভাগ)  
(তাঁর আওতাভুক্ত সকল অফিসে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা(তাঁর আওতাভুক্ত সকল অফিসে অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।